তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৫৬/২০১৬

অভিযোগকারী ঃ জনাব মোঃ আবদুল আলীম
চীফ রিপোর্টার, অপরাধ বিচিত্রা
মডার্ন ম্যানশন
৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ লুৎফুল হায়দার
এভিপি
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনসংযোগ বিভাগ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ
ইউনুস ট্রেড সেন্টার লেভেল-১০
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ০৪-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী তথ্য কমিশনে তার দাখিলকৃত ১৯৬/২০১৫ নং অভিযোগের বিষয়ে জনাব মোঃ লুৎফুল হায়দার, এভিপি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনসংযোগ বিভাগ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ইউনুস ট্রেড সেন্টার লেভেল-১০, ৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, **১৯৬/২০১৫ নং** অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ভিত্তিহীন এবং মনগড়া তথ্য সরবরাহ করেছেন। যাচিত তথ্য পেতে পুনরায় ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। **১৯৬/২০১৫ নং** অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১) **গত ০১-০১-২০১৩ ইং তারিখ থেকে ৩০-১২-২০১৪ পর্যন্ত মার্কেন্টাইল ব্যাংকের সিএসআর (কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি) তহবিল থেকে কোন কোন খাতে কত টাকা বরাদ্দ দেয়া হয়েছে তার একটি তালিকা বা ছক প্রদানের জন্য আবেদন।**

২) **ঢাকার দিলকুশায় সানমুন স্টার ভবনে কী কী শর্তে কত টাকার বিনিময়ে মার্কেন্টাইল ব্যাংক ভাড়া নিয়েছে? ভাড়া হিসেবে প্রতি বর্গফুটের মূল্য কত নির্ধারিত হয়েছে?**

২। ১০-০৪-২০১৬ তারিখের সভায় ১৯৬/২০১৫ নং অভিযোগের পরিপ্রেক্ষিতে দাখিলকৃত অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৩। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, **১৯৬/২০১৫ নং** অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) স্মারক নম্বর বিহীন পত্রের মাধ্যমে আংশিক তথ্য সরবরাহ করেছেন । তিনি আরো উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী খাতওয়ারী হিসেবে তথ্য প্রদান করা হলেও কর্পোরেট **সোস্যাল রেসপনসিবিলিটি** হিসেবে কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে টাকা বরাদ্দ করা হয়েছে সেইসব ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকায় তিনি পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্ত হন নি । এমতাবস্থায় সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৪। প্রতিপক্ষ জনাব মোঃ লুৎফুল হায়দার, এভিপি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনসংযোগ বিভাগ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ইউনুস ট্রেড সেন্টার লেভেল-১০, ৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগকারীর চাহিত সকল তথ্য প্রদান করা হয়েছে তবে ভুলক্রমে স্মারক নম্বর দেওয়া হয় নি । স্মারক নম্বরসহ তিনি পুনরায় পত্র প্রেরণপূর্বক পূর্নাঙ্গ তথ্য অভিযোগকারীকে সরবরাহ করবেন মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন । তিনি আরো উল্লেখ করেন যে, যেহেতু অভিযোগকারী তথ্য প্রাপ্তির আবেদনে খাতওয়ারী হিসেবে তথ্য চেয়েছেন তাই তিনি খাতওয়ারী হিসেবে বরাদ্দকৃত টাকার তথ্য দিয়েছেন । অপরদিকে, যেহেতু অভিযোগকারী কর্পোরেট **সোস্যাল রেসপনসিবিলিটি** হিসেবে কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে টাকা বরাদ্দ করা হয়েছে সেইসব ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম চেয়ে তথ্য প্রাপ্তির আবেদন করেন নি বিধায় তথ্য প্রদান করা হয় নি মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী খাতওয়ারী হিসেবে তথ্য প্রদান করেছেন মর্মে কমিশনের কাছে প্রতীয়মান হয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে স্মারক নম্বরসহ পুনরায় তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। অপরদিকে, যেহেতু অভিযোগকারী কর্পোরেট **সোস্যাল রেসপনসিবিলিটি** হিসেবে কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে টাকা বরাদ্দ করা হয়েছে সেইসব ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম চেয়ে তথ্য প্রাপ্তির আবেদন করেন নি, সেহেতু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে এই নতুন তথ্য প্রদান না করার বিষয়টি কমিশনের কাছে যথাযথ প্রতীয়মান হয়। আবেদনকারীকে এই তথ্য পেতে হলে তাকে নতুন করে তথ্য প্রাপ্তির আবেদন করতে হবে ।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এবং স্মারক নম্বরসহ এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ লুৎফুল হায়দার, এভিপি ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনসংযোগ বিভাগ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ইউনুস ট্রেড সেন্টার লেভেল-১০, ৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার